গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ১৩ এপ্রিল ২০১৫, ৩০ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে বার্ন ইনস্টিটিউট স্থাপনে ইন্টারপ্লাস্টের সহায়তার আশ্বাস : প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ
২। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার হবে ৭ শতাংশের কাছাকাছি : অর্থমন্ত্রী
৩। বাংলাদেশ অর্থনৈতিক সমন্বয় সাধনে আগ্রহী : পররাষ্ট্রমন্ত্রী
৪। বিয়ে রেজিস্ট্রেশনে নোটারি পাবলিক গ্রহণযোগ্য নয় : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
৫। প্রার্থীরা যেন হয়রানির শিকার না হন : প্রধান নির্বাচন কমিশনার
৬। রাজনৈতিক সহিংসতায় ক্ষতি ১৭ হাজার কোটি টাকা : বিশ্বব্যাংকের প্রতিবেদন
৭। পহেলা বৈশাখ নির্বিঘ্ন করতে সারাদেশে রেড এ্যালার্ট
: রমনা বটমূলসহ বিভিন্ন অনুষ্ঠানস্থলে থাকছে বিশেষ নিরাপত্তা বলয়
৮। চলতি বছর বেশ কয়েকটি আপিল নিস্পত্তি হবে : অ্যাটর্নি জেনারেল
৯। চালক ছাড়াই ট্রেন উল্টোদিকে চার স্টেশন পার
১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৮ কেজি স্বর্ণ উদ্ধার

চলমান পাতা/২

১।	দেশে বার্ন ইনস্টিটিউট স্থাপনে ইন্টারপ্লাস্টের সহায়তার আশ্বাস : প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

বিনামূল্যে উন্নয়নশীল দেশগুলোতে প্লাস্টিক সার্জারি প্রদানকারী ইন্টারপ্লাস্ট বাংলাদেশে বড় বড় হাসপাতালে বার্ন ইউনিট প্রতিষ্ঠার পাশাপাশি ঢাকায় একটি পৃথক বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট স্থাপনের আশ্বাস দিয়েছে। ইন্টারপ্লাস্ট জার্মানি, ইন্টারপ্লাস্ট নেদারল্যান্ডস ও ইন্টারপ্লাস্ট হাঙ্গেরির নয় সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল ১২ এপ্রিল রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎকালে এই আশ্বাস দেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.১৯,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.২)।

২।	চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার হবে ৭ শতাংশের কাছাকাছি : অর্থমন্ত্রী

বিশ্বব্যাংকের প্রতিবেদনের তথ্য নাকচ করে দিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৭ শতাংশের কাছাকাছি হবে। বিশ্বব্যাংকের পূর্বাভাসের সঙ্গে দ্বিমত পোষণ করেন তিনি। গতকাল ১২ এপ্রিল রোববার সচিবালয়ে জিডিপির প্রবৃদ্ধির হার নিয়ে বিশ্বব্যাংকের পূর্বাভাসের বিষয়ে অর্থমন্ত্রীর প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি এ মতামত ব্যক্ত করেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সংবাদ (পৃ.১,ক.৪), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৮)।

৩।	বাংলাদেশ অর্থনৈতিক সমন্বয় সাধনে আগ্রহী : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী বলেছেন, ভারত, মিয়ানমারসহ এ অঞ্চলের দেশগুলোর সঙ্গে বাংলাদেশ অর্থনৈতিক সমন্বয় সাধনে আগ্রহী। এ সহযোগিতা তিন দেশের জন্য অভাবনীয় সমৃদ্ধি বয়ে আনবে। পররাষ্ট্রমন্ত্রী গতকাল ১২ এপ্রিল রোববার রাজধানীতে এক আন্তর্জাতিক সিম্পোজিয়াম উদ্বোধনের সময় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.২), ইত্তেফাক (পৃ.২,ক.১), যুগান্তর (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৪।	বিয়ে রেজিস্ট্রেশনে নোটারি পাবলিক গ্রহণযোগ্য নয় : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

নতুন বাল্যবিয়ে নিরোধ আইনে বিয়ে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নোটারি পাবলিক গ্রহণযোগ্য হবে না বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গতকাল ১২ এপ্রিল রোববার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে মুসলিম, হিন্দু ও খ্রিস্টান ম্যারিজ রেজিস্ট্রারদের সম্মিলিত ম্যারিজ রেজিস্ট্রার ফোরাম আয়োজিত 'বাল্যবিয়েতে দায় কার? প্রতিরোধে করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা জানান। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৮), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), সমকাল (পৃ.১৯,ক.২)।

৫।	প্রার্থীরা যেন হয়রানির শিকার না হন : প্রধান নির্বাচন কমিশনার

নির্বাচন কমিশনের কাছে আসন্ন ঢাকা উত্তর সিটি নির্বাচনে সেনাবাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন প্রার্থীরা। তারা পেশিশক্তি ও কালো টাকার প্রভাবমুক্ত নির্বাচনী পরিবেশ নিশ্চিত করার জন্য প্রধান নির্বাচন কমিশনারের (ইসি) প্রতি আহ্বান জানিয়েছেন। এ সময় প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ তাদের আশ্বস্ত করে বলেছেন, শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী ১৯ এপ্রিল আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে বৈঠকে সেনাবাহিনী মোতায়েনসহ করণীয় সব বিষয় নির্ধারণ করা হবে বলেও জানান তিনি। তিনি পুলিশের প্রতি আহ্বান জানান, নির্বাচনকে কেন্দ্র করে কোনো প্রার্থী যেন হয়রানির শিকার না হন। গতকাল ১২ এপ্রিল রোববার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে নির্বাচন কমিশন (ইসি) আয়োজিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থীদের সঙ্গে ইসি'র এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৪)। ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬।	রাজনৈতিক সহিংসতায় ক্ষতি ১৭ হাজার কোটি টাকা : বিশ্বব্যাংকের প্রতিবেদন

চলতি বছরের প্রথম দুই মাসে সহিংস রাজনৈতিক পরিস্থিতিতে দেশে উৎপাদনের ক্ষতি হয়েছে ১৭ হাজার ১৫০ কোটি টাকা। এ ক্ষতির ৬৮ ভাগই হয়েছে সেবা খাতে। এছাড়া শিল্প খাতে ২৫ ভাগ এবং কৃষি খাতে ৭ ভাগ ক্ষতি হয়েছে। তবে সম্পদের ক্ষয়ক্ষতির হিসাব এতে অন্তর্ভুক্ত করা হয়নি। 'বাংলাদেশের হালনাগাদ উন্নয়ন' শীর্ষক এক প্রতিবেদনে বিশ্বব্যাংক এই তথ্য দিয়েছে। সূত্র-ইত্তেফাক, সংবাদ, ভোরের কাগজ, ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭।	পহেলা বৈশাখ নির্বিঘ্ন করতে সারাদেশে রেড এ্যালার্ট

: রমনা বটমূলসহ বিভিন্ন অনুষ্ঠানস্থলে থাকছে বিশেষ নিরাপত্তা বলয়

বাঙালির প্রাণের উৎসব বাংলা নববর্ষ পহেলা বৈশাখ নির্বিঘ্ন করতে পুরো সপ্তাহজুড়েই সারাদেশে রেড এ্যালার্ট জারি করা হয়েছে। আজ ১৩ এপ্রিল সোমবার বিকেল পাঁচটা থেকে রমনা পার্কসহ আশপাশের রাস্তায় যানবাহন চলাচলের ওপর কড়াকড়ি আরোপ করা হচ্ছে। সন্ধ্যা সাতটার মধ্যে রমনা ও সোহরাওয়ার্দী উদ্যান থেকে সর্বসাধারণকে চলে যেতে বলা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। পহেলা বৈশাখ সকাল থেকে রাত আটটা পর্যন্ত রমনা পার্ক ও সোহরাওয়ার্দী উদ্যানসহ আশপাশের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ

থাকবে। কোনো প্রকার ভাসমান দোকান ও হকার বসতে দেওয়া হচ্ছে না। এসব এলাকায় যাতায়াতকারীদের গলায় পরিচয়পত্র ঝুলিয়ে রাখতে বলা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৭), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

৮। চলতি বছর বেশ কয়েকটি আপিল নিষ্পত্তি হবে : অ্যাটর্নি জেনারেল

অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মাহবুবে আলম বলেছেন, ফাঁসির দণ্ডপ্রাপ্ত জামায়াত নেতা আলী আহসান মোহাম্মদ মুজাহিদ ও বিএনপি নেতা সালাহউদ্দিন কাদের চৌধুরীর আপিল সুপ্রিম কোর্টের আপিল বিভাগের কার্যতালিকায় রয়েছে শুনানির জন্য। আশা করছি, চলতি বছর মানবতাবিরোধী অপরাধের বেশ কয়েকটি মামলার নিষ্পত্তি হবে। আর এর মধ্য দিয়ে আরো যুদ্ধাপরাধীর দণ্ড কার্যকর হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৫), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)।

৯। চালক ছাড়াই ট্রেন উল্টোদিকে চার স্টেশন পার

বড় ধরনের একটি দুর্ঘটনা থেকে রক্ষা পেল যাত্রীবাহী ট্রেন আন্তঃনগর ফরিদপুর এক্সপ্রেস। গতকাল ১২ এপ্রিল রোববার সকাল ৮টায় ট্রেনটির ইঞ্জিন চালু করে প্রধান চালক একটি চায়ের দোকানে চা পান করছিলেন। হঠাৎ করেই ট্রেনটি পেছন দিকে চলতে শুরু করে। পর্যায়ক্রমে কয়েকটি স্টেশন অতিক্রম করে এক পর্যায়ে ২৬ কিলোমিটার চলার পর ট্রেনটি পাংশা স্টেশন পার হয়ে আমতলী নামক স্থানে গিয়ে থামে। জানা গেছে, ট্রেনের টিকিট কালেক্টর আনোয়ার হোসেন ঝুঁকি নিয়ে চেইন টেনে ট্রেনটিকে থামান। সকাল ১০টায় রাজবাড়ি-পোড়াদহ শাটল ট্রেনের একটি ইঞ্জিন ঘটনাস্থল এসে চালকবিহীন ফরিদপুর এক্সপ্রেস ট্রেনটিকে নিয়ে রাজবাড়ির উদ্দেশ্যে রওনা হয়। এ ঘটনায় প্রায় দুই ঘণ্টা রাজবাড়ি-কুষ্টিয়া রুটে ট্রেন চলাচল বন্ধ থাকে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.৬), যুগান্তর (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৮ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় সাড়ে আট কেজি স্বর্ণসহ মালয়েশিয়া থেকে আসা চার যাত্রীকে আটক করা হয়েছে। গতকাল ১২ এপ্রিল রোববার সকাল ৮টার দিকে বাংলাদেশ বিমানের বিজি ০৮৭ ফ্লাইটে আসা ওই যাত্রীদের তল্লাশি করে এ স্বর্ণ উদ্ধার করা হয়। এসব স্বর্ণের আনুমানিক মূল্য ৩ কোটি ৯০ লাখ টাকা। সূত্র-সমকাল (পৃ.১৯, ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.৭), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি অবজারভার, বাংলাদেশ টুডে : জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামানের মানবতাবিরোধী অপরাধের বিচারের রায়ে ফাঁসি কার্যকর হওয়ায় স্বস্তি প্রকাশ করে সকল যুদ্ধাপরাধীদের বিচার দ্রুত করার সুপারিশ;

খ. ইত্তেফাক : সরকার আন্তর্জাতিক একটি সংস্থার সহায়তায় দেশের মানুষের কাছে বিনামূল্যে ইন্টারনেট সুবিধা পৌঁছে দেওয়ার যে উদ্যোগ গ্রহণ করেছে তাকে স্বাগত জানিয়ে এতে প্রযুক্তিভিত্তিক উন্নত বাংলাদেশ গড়তে তা সহায়ক হবে বলে মত প্রকাশ;

গ. সংবাদ : ময়মনসিংহের ব্রহ্মপুত্র নদের চর কালীবাড়ি এলাকায় অবৈধভাবে বালু উত্তোলনের নামে তলদেশ খননের কারণে ময়মনসিংহ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হুমকির মুখে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রশাসনকে কঠোর নজরদারির সুপারিশ;

ঘ. যুগান্তর : সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণকারী বিরোধী দলের সমর্থিত প্রার্থীদের বিরুদ্ধে অবিলম্বে দমন-পীড়ন ও হয়রানি বন্ধ করে নির্বাচনী প্রচার প্রচারণায় তাদের অংশগ্রহণে সমান সুযোগ দেওয়া হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঙ. ইনকিলাব : জাল কাগজপত্র তৈরি করে ইউক্রেনের একটি প্রতিষ্ঠানকে ভুয়া এজেন্ট সাজিয়ে গম আমদানির চেষ্টার জন্য দায়ীদের বিরুদ্ধে তদন্তের মাধ্যমে উপযুক্ত শাস্তির দাবি;

চ. ডেইলি স্টার : বাংলাদেশ-ভারত সীমান্তে হত্যা বিশেষ করে গরু ব্যবসায়ী হত্যা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিষয়টি মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে দেখার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীকে পরিচ্ছন্ন বাসযোগ্য রাখতে বর্জ্য অপসারণ মধ্যরাতে করাসহ প্রধান সড়কগুলোতে বর্জ্য রাখার স্থানে দুর্গন্ধ নাশক স্প্রে করার সুপারিশ;

জ. ডেইলি সান : রাজধানীর ৫, ৬ ও ৭ নম্বর ওয়ার্ডে পানি সংকট চরম আকার ধারণ করায় এ সমস্যা সমাধানে ওয়াসাকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. নিউজ টুডে : যথাযথ কর্তৃপক্ষের প্রতি আসন্ন তিন সিটি কর্পোরেশন নির্বাচন নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্নের ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা;

ঞ. নিউ নেশন : জামিন প্রদান ও প্রতিটি মামলায় পুলিশ কাস্টডি না রাখার ব্যাপারে নিম্ন আদালতকে রাজনৈতিক হস্তক্ষেপমুক্ত রাখার বিষয়ে প্রধান বিচারপতির ন্যায়সঙ্গত হস্তক্ষেপ কামনা করে সম্পাদকীয়

প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে ঢাকার জন্য টেকসই উন্নয়ন কার্যক্রম সফল করতে দেশের মৌলিক আর্থ সামাজিক নীতিমালাকে ঢেলে সাজাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'শুরু হোক নতুন করে পথচলা' শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন নববর্ষের আগমনী মুহূর্তে সবার প্রত্যাশা দীর্ঘদিন ধরে চলা নৈরাজ্য, সন্ত্রাস, সংশয়, সন্দেহ, আতঙ্ক দূর হয়ে দেশজুড়ে রাজনৈতিক অঙ্গনে যে স্বস্তি ফিরে এসেছে তা বজায় থাক-এ অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা